



(একই স্মারক নম্বর ও তারিখে প্রতিস্থাপিত)
বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন
কৃষি ভবন

৪৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০
মহাব্যবস্থাপক (বীজ) এর দপ্তর

স্মারক নং : ১২.২৭১.০৩৫.০১.০২/২০১৯-২১৮

তারিখ : ২৬ মে ২০১৯

বরাবর

- ১। মহাব্যবস্থাপক (পাট বীজ)
বিএডিসি, ঢাকা।
- ২। অতিরিক্ত মহাব্যবস্থাপক (খামার/ক:গ্রো/সিডিপিক্রপস)
বিএডিসি, ঢাকা।
- ৩। প্রকল্প/কর্মসূচি পরিচালক (বীউ/বীআমক/ডাল ও তৈলবীজ)
বিএডিসি, ঢাকা।

Programmer
SAE
27.5.19

বিষয় : ২০১৯-২০ বর্ষে আমন ধান বীজ উৎপাদন লক্ষ্যমাত্রা নির্ধারণ কর্মসূচি।

কৃষি মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে ১৬ মে ২০১৯ তারিখে অনুষ্ঠিত সিড প্রমোশন কমিটির ৮৮তম সভার সিদ্ধান্তের আলোকে এবং বিনা ও ব্রি হতে প্রজনন বীজের প্রাপ্যতার ভিত্তিতে ২০১৯-২০ বর্ষে সংস্থার বিভিন্ন বিভাগ, প্রকল্প ও কর্মসূচির মাধ্যমে ২৩৬৫২ মে.টন আমন ধান বীজ উৎপাদনের লক্ষ্যমাত্রা নিম্নোক্তভাবে নির্ধারণ করা হয়েছে।

ক্রমিক নং	বিভাগ/প্রকল্প/কর্মসূচির নাম	আমন ধানবীজ উৎপাদনের লক্ষ্যমাত্রা (মে.টন)			মোট
		ভিত্তি	প্রত্যয়িত	মানঘোষিত	
১	পাট বীজ বিভাগ	৩৫৭	-		৩৫৭
২	খামার বিভাগ	৩৭৮৫	-	৯৩	৩৮৭৮
৩	আলু বীজ বিভাগ	৮০	-	৭	৮৭
৪	ডাল ও তৈলবীজ প্রকল্প	৯০			৯০
৫	নোয়াখালী জেলার সুবর্ণচর খামার	৭৬			৭৬
৬	কক্ট্রাস্ট প্রোয়ার্স বিভাগ	-	১০৩৬৪		১০৩৬৪
৭	ধান, গম ও ভুট্টার উন্নততর বীজ উৎপাদন এবং উন্নয়ন প্রকল্প	-	৬৮০০		৬৮০০
৮	বীজের আপৎকালীন মজুদ কর্মসূচি	-	২০০০		২০০০
সর্বমোট :		৪৩৮৮	১৯১৬৪	১০০	২৩৬৫২

- ২। ২০১৯-২০ বর্ষে পাট বীজ বিভাগ, খামার বিভাগ, কক্ট্রাস্ট প্রোয়ার্স বিভাগ, আলু বীজ বিভাগ, ধান, গম ও ভুট্টার উন্নততর বীজ উৎপাদন এবং উন্নয়ন প্রকল্প, ডাল ও তৈলবীজ প্রকল্প, নোয়াখালী জেলার সুবর্ণচর খামার এবং বীজের আপৎকালীন মজুদ কর্মসূচির মাধ্যমে শ্রেণি ও জাতওয়ারি আমন ধান বীজ উৎপাদন লক্ষ্যমাত্রার একীভূত বিভাজন পরিশিষ্ট 'ক'-তে দেখানো হলো।
- ৩। স্ব স্ব বিভাগ/প্রকল্প/কর্মসূচি প্রধানগণ লক্ষ্যমাত্রা অনুযায়ী খামার/জোনওয়ারি উৎপাদন কর্মসূচি মহাব্যবস্থাপক (বীজ) মহোদয়ের অনুমোদনক্রমে জারি করবেন।
- ৪। চুক্তিবদ্ধ চাষীদের মাধ্যমে বীজ উৎপাদনের ক্ষেত্রে ১টি ক্ষিমে ১টি জাতের বীজ উৎপাদন করতে হবে।
- ৫। বীজতলায় জাতভিত্তিক চারা উৎপাদন এবং ক্ষিমভুক্ত জমিতে চারা রোপন নিশ্চিত করতে হবে। জাতের বিশুদ্ধতা রক্ষার জন্য একটি গোছায় একটি চারা লাগানো বাঞ্ছনীয় (Single Seedling Plantation) এবং যথাযথ পৃথকীকরণ দূরত্ব বজায় রাখতে হবে। এতদ্বিষয়ে সদর দপ্তর হতে জারিকৃত কারিগরি নির্দেশাবলি এবং জাতীয় বীজ বোর্ডের মাঠমান ও বীজমান অর্জনের জন্য বীজ প্রযুক্তিগত সকল ধাপ অনুসরণ করতে হবে।
- ৬। বীজ উৎপাদন খামার বিভাগ কর্মসূচি প্রণয়নকালে আমন বীজ ফসলের জন্য জমির উপযোগিতা অনুযায়ী যৌক্তিক ব্যবহার, জাতের উৎপাদনশীলতা, ইত্যাদি কারিগরি বিষয় বিবেচনা পূর্বক কর্মসূচি প্রণয়ন করবেন।
- ৭। আমন বীজ বিতরণ মৌসুমে বিপণনযোগ্য হাইব্রিড জাতসমূহ বোরো মৌসুমে বীজ উৎপাদন করা হবে।
- ৮। ভিত্তি ও প্রত্যয়িত শ্রেণির বীজ উৎপাদন কর্মসূচি যথাসময়ে বীজ প্রত্যয়ন এজেন্সীকে অবহিত করে মাঠ পরিদর্শনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে। বীজ প্রত্যয়ন এজেন্সী হতে সময়মত প্রত্যয়ন পত্র সংগ্রহপূর্বক সংরক্ষণ এবং সংশ্লিষ্ট সকলকে যথাসময়ে অবহিত ও সরবরাহ করতে হবে। এ ব্যাপারে ব্যর্থতায় সংশ্লিষ্ট কর্মকর্তা দায়ী থাকবেন।
- ৯। রুক বীজ উৎপাদন রেজিস্ট্রারের সংরক্ষিত জায়গায় অবশ্যই বীজ প্রত্যয়ন এজেন্সীর কর্মকর্তার স্বাক্ষর ও মতামত নিতে হবে। বীজ প্রত্যয়ন এজেন্সির কর্মকর্তার পরামর্শের আলোকে বীজের মাঠ মান নিয়ন্ত্রণের ব্যবস্থা নিতে হবে।

27.5.19

(চলমান পাতা-২)

- ১০। প্রত্যয়িত আমন ধান বীজ উৎপাদনের জন্য প্রয়োজনীয় ভিত্তি বীজ শোধন করে বীপ্রস বিভাগ সরবরাহ করবে। সময়মত বীজ প্রাপ্তির জন্য সংশ্লিষ্ট বীপ্র কেন্দ্রের সঙ্গে যোগাযোগ করে বীজ উৎপাদনকারী বিভাগ/প্রকল্পের কর্মকর্তাগণ বীজ সরবরাহ নিবেন।
- ১১। ভিত্তি বীজ উৎপাদনের জন্য প্রয়োজনীয় প্রজনন বীজের প্রাপ্যতা সংশ্লিষ্ট বিভাগ কর্তৃক নিশ্চিত করতে হবে।
- ১২। বীজ উৎপাদনের জন্য সংস্থার খামারে একর প্রতি ১০ কেজি (উফশী জাত) এবং ১০ কেজি (স্থানীয় জাত) এবং চুক্তিবদ্ধ চাষিদের মাধ্যমে বীজ উৎপাদনের জন্য একর প্রতি ১০ কেজি (উফশী জাত) এবং ১০ কেজি (স্থানীয় জাত) হারে আমন ধানবীজ ব্যবহার করতে হবে।
- ১৩। স্ব স্ব বিভাগ/প্রকল্প/কর্মসূচি প্রধানগণ বীজ বিক্রয়লব্ধ অর্থ সময়মত ব্যাংকের সংশ্লিষ্ট হিসাবে জমা ও জমাকৃত অর্থ স্থানান্তরের বিষয়টি মনিটরিং করবেন যাতে আর্থিক অনিয়ম না হয়।
- ১৪। বীজ উৎপাদন, পরিদর্শন, বীজ প্রত্যয়ন, বীজের মাননিয়ন্ত্রণ বীজ আইন ২০১৮, বীজ বিধি ১৯৯৮, বিএডিসি আইন ২০১৮, বিএডিসি'র বীজ উৎপাদন ম্যানুয়েল সমূহ অনুসরণ করে বীজ উৎপাদন কর্মসূচি বাস্তবায়ন করতে হবে।
- ১৫। বিএডিসি কর্তৃক ২০১৯-২০ বর্ষে বীজ বিতরণ মৌসুমের জন্য আমন ধান বীজের বিক্রয় মূল্য নিম্নোক্তভাবে নির্ধারণ করা হয়েছে :

২০১৯-২০ বিতরণ বর্ষে আমন উফশী ও আমন হাইব্রিড ধানবীজের নির্ধারিত বিক্রয় মূল্য (টাকা/কেজি)				
বীজের জাত	বীজের শ্রেণী			
	ভিত্তি		প্রত্যয়িত/ মানযোষিত	
ক) উফশী	চাষি/প্রতিষ্ঠান পর্যায়ে	ডিলার পর্যায়ে	চাষি/প্রতিষ্ঠান পর্যায়ে	ডিলার পর্যায়ে
ত্রি ধান৩৪, কৃষ্ণভোগ (সুগন্ধি জাত)	৬৫.০০	৫৫.০০	৬০.০০	৫২.০০
বিআর ২২, বিআর ২৩, ত্রি ধান৪৯, ত্রি ধান৫১, ত্রি ধান৭৫, নাইজারশাইল ও বিনাশাইল	৪৫.০০	৩৮.০০	৩৮.৫০	৩৩.০০
অন্যান্য সকল জাত: বিআর ১০, বিআর ১১, ত্রি ধান৩০, ত্রি ধান৩২, ত্রি ধান৩৩, ত্রি ধান৩৯, ত্রি ধান৪০, ত্রি ধান৪১, ত্রি ধান৪৪, ত্রি ধান৫২, ত্রি ধান৫৬, ত্রি ধান৫৭, ত্রি ধান৬২, ত্রি ধান৬৬, ত্রি ধান৭০, ত্রি ধান৭১, ত্রি ধান৭২, ত্রি ধান৭৩, ত্রি ধান৭৬, ত্রি ধান৭৭, ত্রি ধান৮০, বিনা ৭, বিনা ১১, বিনা ১৭, বিইউ ধান ১, নেরিকা ১, নেরিকা ১০, নেরিকা মিউট্যান্ট, স্বর্ণলতাসহ অন্যান্য সকল জাত	৪৫.০০	৩৮.০০	৩৭.৫০	৩২.০০
খ) হাইব্রিড				
বিএডিসি হাইব্রিড ধান ২ (উইন-২০৭), বিএডিসি হাইব্রিড ধান ৪ (এমজে০০৩১), বিএডিসি হাইব্রিড ধান ৬ (এমজে০০৩২)			২৩০.০০	২০০.০০

২৫.০৩.২০২০

(কৃষিবিদ অধ্যক্ষ লাহিড়ী)

মহাব্যবস্থাপক (বীজ)

বিএডিসি, ঢাকা

ফোন : ৯৫৫২৩১৭

E-mail: gmseed@badc.gov.bd

অবগতি ও কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো :

- ১। যুগ্মপরিচালক(বীজ পরীক্ষাগার), বিএডিসি, বীজভবন, গাবতলী, মিরপুর, ঢাকা।
- ২। অতিরিক্ত মহাব্যবস্থাপক (বীপ্রস/বীবি), বিএডিসি, ঢাকা।
- ৩। সদস্য পরিচালক (বীজ ও উদ্যান) মহোদয়ের সহকারী ব্যক্তিগত কর্মকর্তা, বিএডিসি, ঢাকা।
- ৪। জনসংযোগ কর্মকর্তা, বিএডিসি, কৃষি ভবন, ঢাকা।

✓ ৫। প্রধান মনিটরিং, মনিটরিং বিভাগ, বিএডিসি, কৃষি ভবন, ঢাকা (ওয়েব সাইটে আপলোড করার অনুরোধসহ)।